গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০২৭.২৫.১০৭০

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়: বাংলাদেশের হজ কোটায় সৌদি আরবে গমনেচ্ছু Non-Resident Bangladeshi (NRB) হজযাত্রীদের বাংলাদেশ হতে হজে গমন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজকীয় সৌদি সরকারের হজ-২০২৬ এর রোড ম্যাপ অনুযায়ী আগামী ১৮ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ হতে হজে গমনেচ্ছুদের সৌদি আরব গমন শুরু হবে। প্রতিবছর সৌদি সরকার হজ পালনের নিমিত্ত বিভিন্ন দেশের জন্য হজ কোটা বরাদ্দ করে। সে অনুযায়ী বিভিন্ন দেশ থেকে মুসলিম নাগরিকগণ হজ পালন করে থাকেন। হজ একটি দ্বি-রাষ্ট্রীয় কার্যক্রম হওয়ায় সৌদি আরবের সকল নিয়ম-নীতি যথাযথভাবে অনুসরণ করতে হয়। প্রতিবছর বিদেশে বসবাসরত বাংলাদেশী নাগরিকগণ বাংলাদেশের হজ কোটায় ভিসা নিয়ে পবিত্র হজ পালন করেন। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে কিছু কিছু এজেন্সি বিদেশে বসবাসরত বাংলাদেশী হজে গমনেচ্ছুদের নিবন্ধন করে বিদেশ হতে সরাসরি সৌদি আরবে নিয়ে যাচ্ছেন। এর ফলে হজ ব্যবস্থাপনার কাজে নানাবিধ সমস্যা সৃষ্টি হচ্ছে।

০২। হজ পালনে নিবন্ধিত হজযাত্রীর অত্যাবশ্যকীয় কার্যাদি/নির্দেশনা নিম্নরূপ:

ক) কোন দেশের হজ কোটায় নিবন্ধিত হজযাত্রী সেই দেশ ব্যতীত অন্য দেশ হতে সৌদি আরবে গমন নিষিদ্ধ করা হয়েছে যা সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের হজ সম্পর্কিত Instructions Document এর Essential Instructions এর ১৪ নাম্বার অনুচ্ছেদে উল্লেখ রয়েছে;

খ) সৌদি আরবে গমনের ৪৮ ঘণ্টা পূর্বে নুসুক মাসার সিস্টেমে প্রত্যেক হজযাত্রীর ফ্লাইট তথ্যসহ প্রি-এ্যারাইভাল ডাটা প্রদান সৌদি সরকার কর্তৃক বাধ্যতামূলক করা হয়েছে;

গ) সৌদি সরকার নির্ধারিত নিয়মানুযায়ী জেদ্দা/মদিনা বিমানবন্দরে প্রত্যেক হজযাত্রী অবতরণের পর সৌদি কোম্পানি তাঁদের গ্রহণ (Receive) করে নির্দিষ্ট হোটেলে পরিবহন করে। একইসাথে হজযাত্রীর পাসপোর্ট সংগ্রহ করে সৌদি কোম্পানির হেফাজতে রাখে;

ঘ) প্রত্যেক নিবন্ধিত হজযাত্রীর নির্ধারিত স্বাস্থ্য পরীক্ষা করে মেনিনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা গ্রহণ এবং দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত নয় ও হজ পালনে সক্ষম মর্মে ই-হজ সিস্টেম জেনারেটেড ফিটনেস সনদ গ্রহণ বাধ্যতামূলক (সিভিল সার্জন/সরকারি মেডিকেল কলেজ);

ঙ) হজ প্যাকেজ ও গাইডলাইন অনুযায়ী হজে গমনের পূর্বে প্রত্যেক হজযাত্রীর প্রশিক্ষণ গ্রহণ বাধ্যতামূলক যা সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত গাইড লাইনে সুস্পষ্ট করে বলা হয়েছে;

চ) হজ চুক্তি অনুযায়ী মোট হজযাত্রীর ৫০ শতাংশ বাংলাদেশের এবং ৫০ শতাংশ সৌদি আরবের ন্যাশনাল ক্যারিয়ার নির্দিষ্ট বিমানবন্দরের মাধ্যমে পরিবহন করে। এ জন্য প্রত্যেক এয়ারলাইন্সের অনুকূলে হজযাত্রীর কোটা প্রদান করা হয় এবং সে অনুযায়ী এয়ারলাইন্সসমূহ ফ্লাইট প্রস্তুত রাখে;

ছ) এজেন্সির হজ কার্যক্রমের নির্ধারিত ব্যাংক হিসাবে প্রত্যেক হজযাত্রীর বিমান ভাড়ার অর্থ সংরক্ষিত থাকে। এ অর্থ দিয়ে পে-অর্ডার করে এয়ারলাইন্সের বিমান টিকিট ক্রয় করা হয়।

০৩। উল্লেখ্য যে, বিদেশে বসবাসরত হজে গমনেচ্ছু বাংলাদেশী নাগরিক সরাসরি সৌদি আরবে গমনের ফলে সৌদি সরকারের নির্দেশনা অমান্য, বিমানের সিট খালি থাকা, হজ কার্যক্রমে সমন্বয়ের অসুবিধাসহ সার্বিক হজ ব্যবস্থাপনায় বিঘ্ন ঘটে এবং নানাবিধ জটিলতা সৃষ্টি হয়।

০৪। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিদেশে অবস্থানরত নিবন্ধিত হজযাত্রীগণকে বাংলাদেশ হতে পবিত্র হজ পালনের নিমিত্ত সৌদি আরব গমনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এর ব্যত্যয় হলে সংশ্লিষ্ট এজেন্সিকে দায়-দায়িত্ব বহন করতে হবে।

০৫। সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে বিষয়টি অতীব জরুরি।

২৩/৯/২০২৫

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব
ফোন: +৮৮০২-৫৫১০১১১৯
e-mail: hajj_sec1@mora.gov.bd

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/অংশীদার ..................
(২০২৬ সনের হজে অংশগ্রহণকারী সকল হজ এজেন্সি)

F:\IQBAL 2025\Agency Letter 2025.doc

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০২৭.২৫.১০৭০

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩২ / ২৩ সেপ্টেম্বর ২০২৫

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৩. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
৪. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (CAAB), কুর্মিটোলা, ঢাকা।
৫. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
৬. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৭. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. সিস্টেম এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাত্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশের অনুরোধসহ)।
১২. অফিস কপি।

২৮/৯/২০২৫

মোহাম্মদ সফিউজ্জামান ভুইয়া
উপসচিব